

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আথাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৮২/২০১২

তারিখঃ ২০/১২/২০১২খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

০৬ পৌষ, ১৪১৯ বাংলা।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক(নিরাপত্তা) এর দপ্তর এর অফিস স্মারক নং-পরিনিদ/সা/লাইসেন্স ইস্যু/১/১২০৮, তারিখঃ ১২/১২/২০১২ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক(নিরাপত্তা) এর দপ্তর

নং-পরিনিদ/সা/লাইসেন্স ইস্যু/১/১২০৮

তারিখঃ ১২/১২/২০১২ইং

বরাবরেঃ

০১। সভাপতি,

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা),

১৭১২, শেখ মুজিব রোড,

আথাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

(সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান)

বিষয় : চবক- এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত সকল লাইসেন্স ও আইডি কার্ড হালনাগাদ করন প্রসঙ্গে।

০১। চট্টগ্রাম বন্দরে তালিকাভুক্ত সি এন্ড এফ এজেন্টস্ প্রতিনিধিদের জেটি সরকার/মালিক লাইসেন্স এবং বন্দর ব্যবহারকারী বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী/প্রতিনিধিদের আই ডি কার্ড নবায়ন/বাতিল না করার ফলে অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। তাছাড়া উহার ফলে চবক প্রাপ্য রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে। এই প্রেক্ষিতে সকলের লাইসেন্স ও আইডি কার্ড হালনাগাদ করন একান্ত আবশ্যিক।

০২। এমতাবস্থায়, বকেয়া লাইসেন্স নবায়ন ফি, আইডি কার্ড নবায়ন ফি ও পরিচয় পত্রের অনাদায় ফি আগামী ৩১শে জানুয়ারী, ২০১৩ এর মধ্যে পরিশোধ করতঃ সকল লাইসেন্স/আইডি কার্ড নবায়ন/বাতিল করতঃ হালনাগাদ করনের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কোন প্রতিষ্ঠানের বিপরীতে পরিচয়পত্র/লাইসেন্স আংশিকভাবে নবায়ন/বাতিল করা সম্ভব হবে না।

০৩। বর্ণনার প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য আপনাদের অধীনস্থ সকলকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ/-

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।